বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
Bangladesh Power Development Board
কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল,ঢাকা

" শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ"

স্মারক নং-২৭.১১.০০০০.২১০.৯৫.০৮৬.১৮-৮২ তারিখ ঃ-২৫/০২/২০১৯খ্রিঃ

দপ্তরাদেশ

বোর্ডের ১৯/০১/১৯৮৬খ্রিঃ তারিখের আদেশ নং-৩০-বিউবো(কর্ম)/৭/৩৫.১/৮৬ এবং বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদুৎ বিভাগের ০১/০৮/২০০৬খ্রিঃ তারিখের স্মারক নং-বিজ্বাখস/বিবি/প্রশাসন-২/বিবিধ-৭/২০০৬/৪০৭ মোতাবেক নিম্নবর্ণিত পোষ্য হিসেবে চাকরি প্রার্থীকে বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডে টাকা-৯,৩০০-২২,৪৯০/- তে এই আদেশে বর্ণিত শর্তে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে নিম্নমান হিসাব সহকারী পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁহার নামের পার্শ্বে উল্লিখিত দপ্তরে পদস্থ করা হইলঃ-

ক্রঃ নং	নাম, মৃত পিতা/মাতা/স্বামীর নাম ও স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	জন্ম তারিখ	পদস্থিত দপ্তর
১	২	৩	৪	৫
১।	কুলসুম আক্তার পিতা- মরহুম জাকির হোসেন ১০৭ সি পূর্ব রাজারবাগ, ডাকঘর-বাসাবো, থানা-সবুজবাগ, জেলা-ঢাকা-১২১৪।	কুলসুম আক্তার পিতা- মরহুম জাকির হোসেন ১০৭ সি পূর্ব রাজারবাগ, ডাকঘর-বাসাবো, থানা-সবুজবাগ, জেলা-ঢাকা-১২১৪।	১০/০১/৯১	মহাব্যবস্থাপকে'র দপ্তর, বাণিজ্যিক পরিচালন, বিউবো, ঢাকা।

নিয়োগের শর্তাবলী ঃ-

১। জাতীয় বেতন স্কেল/২০১৫খ্রিঃ {স্ব-শাসিত(Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানসমূহ} এর ১১ অনুচ্ছেদের বিধান মোতাবেক তাঁহার বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

২। তিনি ২(দুই) বৎসর প্রবেশনে থাকিবেন। প্রবেশনে থাকাকালীন সময়ের সন্তোষজনক চাকরি, নির্ধারিত বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ এবং পুলিশ কর্তৃক চরিত্র ও প্রাক পরিচয় এর সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে নিম্নমান হিসাব সহকারী এর নিয়মিত শূন্য পদে পরবর্তীতে বোর্ডের চাকরিতে স্থায়ীকরন (কনফার্ম) করা হইবে। প্রবেশনারকাল শেষে কোন আদেশ জারী না হইলে প্রবেশনারকাল বর্ধিত করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। তিনি চাকরিতে স্থায়ী না হওয়া পর্যন্ত কোন বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন না।

৩। তাঁহার পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট, পোষ্য সম্পর্কিত তথ্যে এবং সার্টিফিকেটের তথ্যে অমিল/ভুল/অসত্য পরিলক্ষিত হইলে তাৎক্ষণিকভাবে তাঁহার নিয়োগ আদেশ বাতিল করা হইবে। [পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম বিউবো'র ওয়েব সাইটে (www.bpdb.gov.bd) পাওয়া যাইবে]

৪। প্রবেশনার থাকাকালীন সময়ে তাঁহার কর্মদক্ষতা নির্ধারিত মানের নিম্ন বলিয়া বিবেচিত হইলে কিংবা তিনি অফিস শৃংখলার পরিপন্থী কোন কাজে লিপ্ত হইলে বা সন্তোষজনক পুলিশী প্রতিবেদন না পাওয়া গেলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তাঁহাকে চাকরি হইতে অপসারণ করা হইবে।

৫। তাঁহাকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যে কোন স্থানে বদলী করা যাইবে এবং তিনি বিদ্যুৎ কেন্দ্রসহ বোর্ডের যে কোন দপ্তরে চাকরি করিতে বাধ্য থাকিবেন।

(৬) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকরি বিধিমালা-১৯৮২ এবং বাংলাদেশ শ্রম আইন-২০০৬ ও তৎপরবর্তী সংশোধনী অনুযায়ী তাঁহার চাকরি নিয়ন্ত্রিত হইবে।

৭। এই আদেশ জারীর ২১ (একুশ) দিনের (১৮/০৩/২০১৯খ্রিঃ) মধ্যে পদস্থিত দপ্তরে যোগদান করিতে হইবে এবং এই নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হইলে তাঁহার নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। পরবর্তীতে বোর্ডের প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা তাঁহার Induction Training এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

৯। পদস্থিত দপ্তরে যোগদানের জন্য তাঁহাকে কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা দেওয়া হইবে না।

১০। নিম্নলিখিত কাগজপত্রাদি যোগদানপত্রের সহিত দাখিল করিতে হইবে; অন্যথায় তাঁহার যোগদানপত্র গ্রহণ করা হইবে না ঃ-

(ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চীফ মেডিক্যাল অফিসার/সিনিয়র মেডিক্যাল অফিসার/মেডিক্যাল অফিসার অথবা বোর্ড কর্তৃক অনুমোদিত সরকারী মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্যগত সনদপত্র;

(খ) বোর্ডের নির্ধারিত ছকে জীবন বৃত্তান্ত [উক্ত ছক বিউবো'র ওয়েব সাইটে(www.bpdb.gov.bd) পাওয়া যাইবে];

(গ) শিক্ষাগত যোগ্যতা, পোষ্যের সংশ্লিষ্ট সনদের সত্যায়িত কপি;

(ঘ) পুলিশী তদন্তের জন্য নির্ধারিত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম যথাযথভাবে পূরণ করিয়া উহার সহিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র ও প্রার্থী যেই এলাকার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়রের প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে;

চলমান-২

পূর্ব পৃষ্ঠার পর-

(ঙ) বর্তমানে কোন দপ্তর বা সংস্থায় কর্মরত থাকিলে সেই দপ্তর বা সংস্থা হইতে অব্যাহতিপত্র;

(চ) উল্লিখিত শর্তে চাকরি করিতে সম্মত থাকিলে অঙ্গীকারনামার(এই নিয়োগ পত্রের ১কপি) যথাস্থানে স্ব াক্ষর করিয়া যোগদানপত্রের সহিত দাখিল করিতে হইবে।

উল্লিখিত শর্তে সম্মত হইয়া আমি...
পিতা/মাতা ....
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে " নিম্নমান হিসাব সহকারী" পদে
অদ্য.................... খ্রিঃ তারিখে যোগদান করিলাম।

স্বাক্ষর...........................

০৪/০২/২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৭৯৩তম সাধারণ বোর্ড সভার সিদ্ধান্তক্রমে।

বোর্ডের আদেশক্রমে,

২৫/২/১৯

(মোঃ মাহবুব মোরশেদ)
আইডি নং-২-০০৬৯
উপ- পরিচালক-৩(কর্ম)
বিউবো,ঢাকা।
ফোনঃ ৯৫৮৬৪৮২(অ)

স্মারক নং-২৭.১১.০০০০.২১০.৯৫.০৮৬.১৮-৮২

তারিখ ঃ-২৫/০২/২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ -

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়কারী/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, ...বিউবো....................................।
২। সচিব, বিউবো, ঢাকা।
৩। সিএস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
৪। ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক,......................................বিউবো,..........................।
৫। পরিচালক, হিসাব/অর্থ/তদন্ত ও শৃংখলা/নিরাপত্তা ও অনুসন্ধান/ প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর/প্রশিক্ষণ একাডেমী, বিউবো, ...।
৬। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকা (এই নিয়োগাদেশটি বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েব-সাইটে দেওয়ার জন্য অনুরোধ করা হইল)।
৭। উপ-পরিচালক(হিসাব), আহিদ..,বিউবো,.................................।
৮। উপ-সচিব, প্রশাসন/অর্থ/পিএন্ডডি/উৎপাদন/বিতরন/কোম্পানী এ্যাফেয়ার্স, বিউবো, ঢাকা।
৯। নির্বাহী প্রকৌশলী..., বিউবো,...............................।
১০। সহকারী পরিচালক(হিসাব)/আহিসেল................................, বিউবো,...............................।
১১। জনাব...।

২৫/০২/২০১৯

(মোঃ শাহ্ আল-আমিন)
আইডি নং-২-০২৭০
সহকারী পরিচালক-১৩(কর্ম)
বিউবো,ঢাকা।
ফোনঃ ৯৫৬৬০৬১-৫/পিএবিএক্সঃ ৩৫৮।